

পাহাড়ধস বা ভূমিধসে করণীয়



সম্প্রতি পাহাড়ধসে অনেক প্রাণহানির ঘটনা ঘটেছে। সাবধান ও সচেতন থাকলে এসব ক্ষেত্রে জান-মালের নিরাপত্তা বৃদ্ধি পায়। পাহাড়ধসের দুর্ঘটনা ও প্রাণহানি এড়াতে নিম্নের শর্তগুলো মেনে চললে সুফল পাওয়া যাবেঃ

পাহাড়ধসের আগে বা শান্তিকালীন সময়ে করণীয়



পাহাড়ের ঢালে ঝুঁকিপূর্ণ স্থানে ঘরবাড়ি নির্মাণ বন্ধ করুন।



পাহাড়ের মাটি, গাছপালা কাটা থেকে বিরত থাকুন।



আপনার বাসস্থানের চারপাশের ভূমির প্রকৃতি সম্পর্কে জানুন এবং সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সচেতন হোন।



পাহাড়ধস সংঘটিত হলে কিভাবে নিরাপদ স্থানে আশ্রয় নিতে হয় এ বিষয়ে প্রশিক্ষণ নিন এবং পরিবারের

সকল সদস্যের সংগে আলোচনা করুন।



জরুরি মুহূর্তে অনিরাপদ ভবন ত্যাগের একটি পূর্ব-পরিকল্পনা গ্রহণ করুন এবং জরুরি বহিগমন প্রক্রিয়া অনুশীলন করুন।



জরুরি মুহূর্তে ব্যবহার্য সামগ্রী আগে থেকেই একটি ব্যাগে সংরক্ষণ করুন এবং হাতের কাছে রাখুন।



আপনার এলাকার উদ্ধার ও অন্য সেবা সংস্থাগুলির (ফায়ার সার্ভিস, এ্যাম্বুলেন্স, পুলিশ ইত্যাদি) জরুরি

টেলিফোন নম্বর জেনে নিন এবং প্রয়োজন মুহূর্তে সাহায্যের জন্য দ্রুত সংবাদ দিন।



প্রকৃতি সংরক্ষণ সংক্রান্ত প্রচলিত আইন মেনে চলুন এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় সচেতন হোন, নিরাপদে থাকুন।




দুর্যোগ সংক্রান্ত তথ্য/সংবাদ জানার জন্য ব্যাটারি চালিত রেডিও সংরক্ষণ করুন।

পাহাড়ধস বা দুর্যোগকালীন সময়ে করণীয়



পাহাড় বা ভূমিধস শুরু হলে কিংবা ভূমিধসের আলামত টের পেলে দ্রুত নিরাপদ স্থানে আশ্রয় নিন।



কোন মূল্যবান সামগ্রী সাথে নেওয়ার জন্য সময় ব্যয় করবেন না।



ভারি বৃষ্টিপাত হলে ভূমিধস সংঘটিত হতে পারে। এ বিষয়ে সতর্ক থাকুন।



ভূমিকম্পের ফলেও ভূমিধস সংঘটিত হতে পারে। এ বিষয়ে সচেতন ও সাবধান থাকুন।



কিছু অস্বাভাবিক শব্দ (যেমন গাছপালা ভেঙ্গে পড়া/নুড়ি পাথর গড়িয়ে পড়া) ভূমিধসের পূর্ব আলামত।



ভূমিধসের আশঙ্কা সৃষ্টি হলে সতর্ক ও জাগ্রত থাকুন। পরিবারের সকল সদস্যকে সতর্ক করুন।



স্থানীয়া প্রশাসন/নিরাপত্তা সংস্থার নির্দেশ পেলে দ্রুত ঝুঁকিপূর্ণ স্থান/অবস্থান ত্যাগ করুন এবং নিরাপদ স্থানে আশ্রয় নিন। যে কোন দুর্যোগ-দুর্ঘটনায় ফায়ার সার্ভিসকে সংবাদ দিন।

পাহাড়ধস-পরবর্তী করণীয়



পাহাড়ধস এলাকা থেকে দূরে থাকুন।



ভূমিধসে কেউ আটকাপড়ার বা আঘাতপ্রাপ্ত হওয়ার তথ্য জানলে তা ফায়ার সার্ভিসকে অবহিত করুন এবং

আঘাতপ্রাপ্ত বা স্বল্প আহত ব্যক্তিকে উদ্ধারে এগিয়ে আসুন। উদ্ধার কর্মীদের কাজে সহায়তা করুন।



আপনার প্রতিবেশীর পরিবারের শিশু, বয়স্ক বা চলাফেরায় অক্ষম লোকজনকে উদ্ধারে/নিরাপদ স্থানে সরিয়ে নিতে সহায়তা করুন।



দুর্যোগ সংক্রান্ত তথ্য জানা, দুর্যোগ পরবর্তী ঘোষণা জানার জন্য রেডিও, টিভির সংবাদ বুলেটিন মনোযোগ

সহকারে শ্রবণ করুন।



সচেতনতা, প্রশিক্ষণ ও পূর্ব প্রস্তুতি গ্রহণ দুর্যোগ-দুর্ঘটনা মোকাবেলার সর্বোত্তম উপায়।